


# সমসাময়িক বিষয়াবলি


স্বপ্নের পদ্মা সেতু


মেট্রোরেল

**সাম্প্রতিক বিষয়গুলো প্রতিনিয়ত পরিবর্তনশীল; পরিবর্তিত আপডেট তথ্য পেতে পড়ুন জোবায়ের'স সিরিজের "সাম্প্রতিক ক্যাপসুল"।**

B TO B---2

# ১২ দিন ব্যাপী ইরান-ইসরায়েল যুদ্ধ-২০২৫




২০২৫ সালের ১৩ জুন ইরানের তেহরানে এবং নাতাঞ্জ, খোন্দাব, খোররামাবাদের পারমাণবিক স্থাপনা গুলোতে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী ও মোসাদের আকস্মিক হামলার মাধ্যমে ইরান-ইসরায়েল যুদ্ধ শুরু হয়। এই হামলায় ইরানের ইসলামী বিপ্লবী গার্ডের কয়েকজন সামরিক নেতৃবৃন্দ ও পরমাণু বিজ্ঞানী নিহত হন। এর একদিন আগে অর্থাৎ ১২ জুন আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (International Atomic Energy Agency-IAEA) ঘোষণা করে যে ইরান তার পারমাণবিক বাধ্যবাধকতা লঙ্ঘন করেছে।

## হামলা-পাল্টা হামলা

**১ — ১৩ জুন, ২০২৫**

- ইসরায়েল ইরানে হামলা শুরু করে। যার নাম দেওয়া হয় Operation Rising Lion.
- ইরান Operation True Promise III নামে ইসরায়েলে পাল্টা হামলা চালায়।

**২ — ১৬ জুন, ২০২৫**

- ইরান ইসরায়েলে প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্র ফাতাহ নিক্ষেপ করে।



**৩ — ২২ জুন, ২০২৫**

- যুক্তরাষ্ট্র ইরানের ৩টি (ফোর্দো, নাতাঞ্জ, ইস্পাহান) পারমাণবিক স্থাপনায় Operation Midnight Hammer অভিযান চালায়।



**৪ — ২৩ জুন, ২০২৫**

- ইরান পাল্টা প্রতিরক্ষা হিসেবে কাতারে অবস্থিত "আল উদেইদে" মার্কিন ঘাঁটিতে হামলা চালায়।





**২৪ জুন, ২০২৫**

**যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প "উভয়পক্ষ যুদ্ধ বিরতিতে সম্মত হয়েছে" বলে যুদ্ধ বিরতির ঘোষণা দেন।**

## উভয় দেশের ক্ষয়ক্ষতি

| দেশ | নিহত | আহত | ক্ষতিগ্রস্থ এলাকা |
|---|---|---|---|
| ইরান | ৬১০ জন | ৪,৭৪৬ জন | তেহরান, ফোর্দো, ইস্পাহান ও নাতাঞ্জ |
| ইসরায়েল | ২৮ জন | ৩,২৩৮ জন | তেল আবিব ও হাইফা |

## তিনটি অপারেশন

### ১ Operation Rising Lion

ইসরায়েল ইরানের উপর যে অভিযানটি চালায় তার নাম দেয়া হয় Operation Rising Lion. যার অর্থ 'জাগ্রত সিংহ অভিযান'। নামটি নেয়া হয় ওল্ড টেস্টামেন্টের একটি আয়াত থেকে। যে আয়াতে ইহুদি জাতি সিংহের মতো জেগে ওঠার কথা বলা আছে।




### ২ Operation True Promise III

ইসরায়েলের হামলার জবাবে ইরান ইসরায়েলের উপর যে পাল্টা হামলা চালায় তার নাম দেওয়া হয় Operation True Promise III. এই হামলার পূর্বেও ইসরায়েল ও তার মিত্ররা ইরানের উপর হামলা চালিয়েছে। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ অন্যান্য শীর্ষ নেতারা আগে চালানো হামলার পরিপ্রেক্ষিতে "শাস্তির" যে অঙ্গীকার করেছিলেন তার প্রেক্ষিতেই অপারেশনের নাম দেওয়া হয় True Promise বা সত্যিকারের প্রতিশ্রুতি বা অঙ্গীকার।




**Operation True Promise I**

১৩ এপ্রিল, ২০২৪ পরিচালনা করা হয় সিরিয়ার দামেস্কে ইসরায়েলের হামলার প্রেক্ষিতে।

**True Promise II**

১ অক্টোবর, ২০২৪ পরিচালনা করা হয় হামাস নেতা ইসমাইল হানিয়া, হিজবুল্লাহ নেতা হাসান নাসরাল্লাহ এবং IRGC জেনারেল আব্বাস নীলফোরৌশানকে ইসরায়েলের হত্যার প্রতিশোধ হিসেবে।



ইসমাইল হানিয়া ছিলেন হামাসের রাজনৈতিক ব্যুরোর প্রধান।



CamScanner

## ৩ Operation Midnight Hammer

২০২৫ সালের ২২ জুন (২১ জুন রাতে) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে মার্কিন সৈন্যবাহিনী ইরানে অপারেশন মিডনাইট হ্যামার পরিচালনা করে। অভিযানটির স্থায়িত্ব ছিল ২৫ মিনিট। অভিযানে অংশগ্রহণ করে ৭টি বি-২ স্পিরিট (B-2 Spirit) বোমারু বিমান ও ১২৫টি যুদ্ধ বিমান। বি-২ বিমান থেকে মোট ১৪টি বাংকার বাস্টার বোমা ছোড়া হয়। হামলা চালানো হয় ইরানের ৩টি পারমাণবানিক স্থাপনায়। স্থাপনা ৩টি-

- ফোর্দো ইউরেনিয়াম সমৃদ্ধকরণ প্ল্যান্ট (Fordow Uranium Enrichment Plant)
- ইস্পাহান পারমাণবিক প্রযুক্তি/গবেষণা কেন্দ্র (Isfahan Nuclear Technology /Research Center)
- নাতাঞ্জ পারমাণবিক স্থাপনা/ফ্যাসিলিটি (Natanz Nuclear Facility)




- **ফোর্দো**
  মধ্য ইরানে একটি পাহাড়ের নিচে গোপনে নির্মিত পারমাণবিক কর্মসূচি কেন্দ্র।
- **নাতাঞ্জ**
  এটি ইরানের মূল ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র।
- **ইস্পাহান**
  মধ্য ইরানের তৃতীয় বৃহত্তম নগরী। এটি ঐতিহাসিক ও সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ শহর।

### বাংকার বাস্টার

বাংকার বাস্টার হলো একটি বিশেষ ধরনের বোমা, যা শক্ত কংক্রিট, পাথর বা মাটির গভীরে তৈরি ঘাঁটি বা 'বাংকার' ধ্বংস করার জন্য ব্যবহৃত হয়। এটি সাধারণ বোমার চেয়ে অনেক বেশি শক্তিশালী। বোমার অভ্যন্তরে থাকে সময়-নিয়ন্ত্রিত ফিউজ, যা নির্দিষ্ট গভীরতায় পৌঁছে বিস্ফোরণ ঘটায়।

**জিবিইউ-৫৭** ⇄ **বি-২ স্পিরিট**

- যুক্তরাষ্ট্রের একটি আলোচিত বাংকার বাস্টার- জিবিইউ-৫৭।
- এটি পৃথিবীতে সবচেয়ে বড় ধরনের বোমা।
- এটি ভূপৃষ্ঠের ৬০ মিটার গভীর পর্যন্ত পৌঁছাতে পারে।

২২ জুন, ২০২৫ যুক্তরাষ্ট্র বি-২ স্পিরিট বিমান ইরানের পারমাণবিক স্থাপনায় হামলা চালয়।



বি-২ স্পিরিট বোমারু বিমান

## হরমুজ প্রণালি




ইরান-ইসরায়েল সংঘাত শুরু হওয়ার পর থেকেই ইরান এই প্রণালিটি বন্ধ করার সিদ্ধান্ত নেয়। বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ জাহাজ চলাচল পথগুলোর অন্যতম হরমুজ প্রণালি। এই প্রণালিটি পারস্য উপসাগরকে ওমান উপসাগরের সঙ্গে যুক্ত করেছে। পৃথক করেছে সংযুক্ত আরব আমিরাত থেকে ওমান ও ইরানকে। এই পথ ধরেই জাহাজগুলো আরব সাগরে তথা ভারত মহাসাগরে প্রবেশ করে। যুদ্ধের পরিপ্রেক্ষিতে ইরান প্রণালিটি বন্ধ করে দেয় ২২ জুন, ২০২৫।

## খামেনি ও নেতানিয়াহু

### আয়াতুল্লাহ আলী খামেনি



১৯৮৯ সাল থেকে ইরানের দ্বিতীয় ও বর্তমান সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে ১৯৮১-১৯৮৯ পর্যন্ত ইরানের প্রেসিডেন্টের দায়িত্বেও ছিলেন তিনি। নানা সংকটের মধ্যে দিয়ে ৩৫ বছর ধরে শাসন চালিয়ে যাচ্ছেন।

### বেনিয়ামিন নেতানিয়াহু



ইসরায়েলের বর্তমান প্রধানমন্ত্রী। তাঁর রাজনৈতিক দল লিকুদ পার্টি (ডানপন্থী রক্ষণশীল দল)। তিনি ইসরায়েল রাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে দীর্ঘমেয়াদি প্রধানমন্ত্রী।

## ইরানের উল্লেখযোগ্য কয়েকটি শহর

| | |
|---|---|
| তেহরান | ▪ ইরানের রাজধানী এবং সবচেয়ে বড় শহর।<br>▪ পারমাণবিক গবেষণা কেন্দ্র রয়েছে। |
| বুশেহর | ▪ পারস্য উপসাগরের তীরে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ শহর ও বন্দর।<br>▪ এখানে ইরানের একমাত্র পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র (বুশেহর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট) অবস্থিত।<br>▪ এই পাওয়ার প্ল্যান্টটি রাশিয়ার সহায়তায় নির্মিত এবং আন্তর্জাতিকভাবে খুবই আলোচিত। |
| আরাক | ▪ ভারী পানি উৎপাদনের কেন্দ্র রয়েছে।<br>▪ ইরানের আরাক (Arak) শহরটি একটি গুরুত্বপূর্ণ শিল্পনগরী, যা ইরানের মধ্যাঞ্চলে অবস্থিত।<br>▪ আরাকের কাছে খন্দাব (Khondab) এলাকায় একটি হেভি ওয়াটার নিউক্লিয়ার রিয়্যাক্টর রয়েছে, যা আন্তর্জাতিকভাবে অনেক আলোচিত। |
| বন্দর আব্বাস | ▪ ইরানের একটি গুরুত্বপূর্ণ বন্দরনগরী।<br>▪ পারস্য উপসাগরের তীরে, হরমুজ প্রণালীর কাছাকাছি অবস্থিত।<br>▪ এটি ইরানের জন্য একটি কৌশলগত অবস্থানে রয়েছে কারণ, হরমুজ প্রণালির মাধ্যমে বিশ্বের বিশাল একটি অংশের তেল পরিবহন হয়। |

*নোট: ১৯ জুন, ২০২৫ ইরানের আরাক শহরে ভারী পানির পারমাণবিক চুল্লিতে হামলা করে ইসরায়েল।*



CamScanner

## আল উদেইদ বিমান ঘাঁটি




কাতারের রাজধানী দোহার কাছে গড়ে তোলা "আল উদেইদ" বিমান ঘাঁটিটি মধ্যপ্রাচ্যের বৃহত্তম মার্কিন সামরিক ঘাঁটি। এটি ১৯৯৬ সালে গড়ে তোলা হয় যেখানে একসাথে প্রায় ১০ হাজার সৈন্য অবস্থান করে। এটি যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (CENTCOM) এর প্রধান সদর দপ্তর। ইরাক, সিরিয়া ও আফগানিস্তানে পরিচালিত মার্কিন অভিযানের কেন্দ্রবিন্দু ছিল এই ঘাঁটি।

## আয়রন ডোম

ইসরায়েলের স্বল্প ও মাঝারি ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থার নাম 'আয়রন ডোম' যা তৈরি করে Rafael Advanced Defense System ও Israel Aerospace Industries। ২০১১ সালে ইসরায়েল প্রথম আয়রন ডোম মোতায়েন করে।

### যেভাবে কাজ করে আয়রন ডোম






২০ জুন, ২০২৫ ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি রেভল্যুশনারি গার্ডসের সর্বোচ্চ পরিষদের কাছে যুদ্ধকালীন ক্ষমতা হস্তান্তর করে।



CamScanner

## আলোচিত ২টি বাহিনী

### ১ ইসলামি বিপ্লবী রক্ষীবাহিনী

- পরিচয়- ইরানের সামরিক একটি শাখা; যা আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনির নির্দেশে প্রতিষ্ঠিত।
- IRGC- Islamic Revolutionary Guard Corps.
- প্রতিষ্ঠাকাল- ২২ এপ্রিল, ১৯৭৯।
- সদরদপ্তর- তেহরান, ইরান।



*ইরানে ইসলামি শাসনব্যবস্থার নিরাপত্তা প্রদান, বৈদেশিক হস্তক্ষেপ ও সামরিক অভ্যুত্থান প্রতিরোধ হলো **IRGC**-এর প্রধান কাজ।*

### ২ ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী

- পরিচয়- ইসরায়েলের জাতীয় সামরিক এবং প্রতিরক্ষা বাহিনী।
- IDF- Israel Defense Forces
- প্রতিষ্ঠাকাল- ২৬ মে, ১৯৪৮।
- সদরদপ্তর- তেল আবিব, ইসরায়েল।



*ইসরায়েলি স্থল বাহিনী, ইসরায়েলি নৌ-বাহিনী ও ইসরায়েলি বিমান বাহিনী হলো **IDF**-এর প্রধান ৩টি শাখা।*

## ভারত-পাকিস্তান সংঘাত

২২ এপ্রিল, ২০২৫ ভারত শাসিত জম্মু কাশ্মীরের পহেলগামে হামলায় ২৬ জন পর্যটক নিহত হন। শুরু থেকে এই হামলার দায় পাকিস্তানের ওপর চাপায় ভারত। এরপর ৭ মে, ২০২৫ 'অপারেশন সিঁদুর' অভিযান নামে পাকিস্তানে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত।

### ২টি অপারেশন

#### ১ অপারেশন সিঁদুর



পহেলগামে ২৫ নারী বিধবা হন। ভারতের হামলার নাম অপারেশন সিঁদুর রাখা হয় মূলত ওই হামলায় স্বামী হারানো নারীদের ক্ষত এবং কষ্টের কথা তুলে ধরে।

#### ২ অপারেশন বুনিয়ানুম মারসুস



ভারতের 'অপারেশন 'সিঁদুর' সেনা অভিযানের পাল্টা জবাব দিতে ১০ মে, ২০২৫ পাকিস্তান 'অপারেশন বুনিয়ানুম মারসুস' শুরু করে। এই সামরিক অভিযানের নাম নেওয়া হয় পবিত্র গ্রন্থ কুরআন থেকে। 'বুনিয়ানুম মারসুস' অর্থ 'গলিত সীসা দিয়ে নির্মিত অভেদ্য প্রাচীর', যা শক্তি সংহতি ও দৃঢ়তার প্রতীক। আক্ষরিক অর্থ 'লোহার প্রাচীর'।




### পহেলগাম

কাশ্মীরের পহেলগাম ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু-কাশ্মীরের অনন্তনাগ জেলার অন্তর্গত। স্থানীয়রা একে ইসলামাবাদ/পহেলগাঁও নামে ডাকে। কাশ্মীরি ভাষায় 'পহেলগাম' অর্থ মেষপালকদের উপত্যকা।



CamScanner

## বাংলাদেশে স্টারলিংক

### স্টারলিংক কী?

স্টারলিংক (Starlink) হলো স্পেসএক্স (SpaceX) কোম্পানির একটি স্যাটেলাইট-ভিত্তিক ইন্টারনেট পরিষেবা প্রকল্প। এর উদ্দেশ্য হলো পৃথিবীর যে কোনো প্রান্তে, এমনকি প্রত্যন্ত অঞ্চলেও উচ্চ-গতির ইন্টারনেট সরবরাহ করা।

### যেভাবে বাংলাদেশে যাত্রা শুরু স্টারলিংকের

**১ জুলাই, ২০২৩**

বাংলাদেশে স্টারলিংকের প্রযুক্তি পরীক্ষা করা হয়।




**২ অক্টোবর, ২০২৪**

স্টারলিংকের একটি প্রতিনিধিদল ঢাকায় এসে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (BIDA) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরীর সঙ্গে বৈঠক করে।



**৩ ৯ এপ্রিল, ২০২৫**

বাংলাদেশে ইলন মাস্কের মালিকানাধীন প্রতিষ্ঠান স্টারলিংকের পরীক্ষামূলক কার্যক্রম শুরু হয়।

**৪ ২০ মে, ২০২৫**

স্টারলিংকের আনুষ্ঠানিক যাত্রার মাধ্যমে বাংলাদেশ স্যাটেলাইট ইন্টারনেটের যুগে প্রবেশ করে।

## একটি ভালো সংবাদ

"গাজীপুরের তাসনিয়া ফেব্রিকস লিড" সনদে সর্বোচ্চ নম্বর পেয়ে বিশ্বের শীর্ষ পরিবেশবান্ধব কারখানার স্বীকৃতি অর্জন করেছে। ৮ মে, ২০২৫ যুক্তরাষ্ট্রের U.S. Green Building Council (USGBC) থেকে পরিবেশবান্ধব এই সনদ পায়।



## আন্তর্জাতিক বুকার পুরস্কার-২০২৫

- লাভ করেন- ভারতীয় লেখক, আইনজীবী ও অধিকারকর্মী বানু মুশতাক।
- যে গ্রন্থের জন্য- Heart Lamp.
- বানু মুশতাক লেখালেখি করেন- কান্নাড়া ভাষায়।



কান্নাড়া ভাষার লেখকদের মধ্যে তিনি ১ম বুকার পুরস্কার লাভ করেন। Heart Lamp গ্রন্থে ১২টি ছোট গল্পের মধ্যদিয়ে দক্ষিণ ভারতের মুসলিম সমাজের দৈনন্দিন জীবন ফুটে উঠেছে।

## বিশ্বের শীর্ষ ৩ ধনী

প্রকাশক: ফোর্বস ম্যাগাজিন (যুক্তরাষ্ট্র)



প্রথম

**ইলন মাস্ক**

XpaceX'র প্রতিষ্ঠাতা ও টেসলার প্রধান নির্বাহী।



দ্বিতীয়

**মার্ক জাকারবার্গ**

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের সহ-প্রতিষ্ঠাতা।



তৃতীয়

**জেফ বেজোস**

ই-কমার্স প্রতিষ্ঠান অ্যামাজনের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান।

## রোমান ক্যাথলিকদের নতুন পোপ



পোপ চতুর্দশ লিও

রোমান ক্যাথলিকদের ২৬৭তম পোপ নির্বাচত হন রবার্ট ফ্রান্সিস প্রিভোস্ট। যুক্তরাষ্ট্রের শিকাগোতে জন্মগ্রহণকারী রবার্ট ফ্রান্সিস প্রিভোস্ট 'পোপ চতুর্দশ লিও' নামে দায়িত্ব গ্রহণ করেন। তিনি যুক্তরাষ্ট্র থেকে নির্বাচিত প্রথম পোপ।

## NBR বিলুপ্ত হয়ে হবে নতুন দুই বিভাগ




১৭ এপ্রিল, ২০২৫ জাতীয় রাজস্ব বোর্ড বা NBR-কে "রাজস্ব নীতি" ও "রাজস্ব ব্যবস্থাপনা" নামে ২টি আলাদা বিভাগ করার অনুমোদন দেয় উপদেষ্টা পরিষদ।

## আমদানি ও রপ্তানিতে শীর্ষ ৫ দেশ

| ক্রম | আমদানি | রপ্তানি |
|---|---|---|
| ১ম | যুক্তরাষ্ট্র | চীন |
| ২য় | চীন | যুক্তরাষ্ট্র |
| ৩য় | জার্মানি | জার্মানি |
| ৪র্থ | নেদারল্যান্ডস | নেদারল্যান্ডস |
| ৫ম | যুক্তরাজ্য | জাপান |

প্রকাশক: বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)

# জাতীয় বাজেট: ২০২৫-২৬ অর্থবছর

- বাজেট- ৫৪ তম (অন্তবর্তীকালীনসহ ৫৫তম)।
- ঘোষণা করা হয়- ২ জুন, ২০২৫।
- বাজেট ঘোষণা করে- ড. সালেহউদ্দিন আহমেদ (প্রথমবার)।
- মোট বাজেট- ৭,৯০,০০০ কোটি টাকা।
- মোট GDP- ৬২,৪৪,৫৭৮ কোটি টাকা।
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP)- ২,৩০,০০০ কোটি টাকা (বাজেটের ২৯.১১%)।
- সর্বোচ্চ বরাদ্দকৃত খাত- জনপ্রশাসন; ১,৮৬,০৮৮ কোটি টাকা (মোট বাজেটের ২৩.৫৬%)।
- ২য় সর্বোচ্চ বরাদ্দকৃত খাত- শিক্ষা ও প্রযুক্তি (মোট বাজেটের ১৪.০০%)।
- ৩য় সর্বোচ্চ বরাদ্দকৃত খাত- পরিবহন ও যোগাযোগ।
- ঘাটতি- ২,২১,০০০ কোটি টাকা।
- জিডিপির প্রবৃদ্ধি- ৫.৫%।
- মূল্যস্ফীতি- ৬.৫%।




## করমুক্ত আয়সীমা

- সাধারণ- ৩ লাখ ৫০ হাজার টাকা।
- নারী ও ৬৫ বছর বা তদূর্ধ্ব- ৪ লাখ টাকা।
- প্রতিবন্ধী ব্যক্তি ও তৃতীয় লিঙ্গ- ৪ লাখ ৭৫ হাজার টাকা।
- যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (গেজেটভুক্ত)- ৫ লাখ টাকা।

## জুলাই যোদ্ধাদের জন্য বরাদ্দ

- জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের পরিবার ও আহতদের জন্য ৪০৫ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়।
- জুলাই যোদ্ধাদের করমুক্ত আয়সীমা নির্ধারণ করা হয় ৫,২৫,০০০ টাকা।

## জুলাই যোদ্ধাদের মাসিক ভাতা ও অনুদান

গণ-অভ্যুত্থানে **অতি গুরুতর আহত** ব্যক্তিদের জন্য ক, **গুরুতর আহত** ব্যক্তিদের জন্য খ এবং **আহত** ব্যক্তিদের জন্য গ নামে তিনটি শ্রেণি করা হয়।

| ক শ্রেণি | খ শ্রেণি | গ শ্রেণি |
|---|---|---|
| ৪৯৩ জন (প্রতি মাসে পাবে ২০ হাজার টাকা) | ৯০৮ জন (প্রতি মাসে পাবে ১৫ হাজার টাকা) | ১০,৬৪৮ জন (প্রতি মাসে পাবে ১০ হাজার টাকা) |

## ৩৩তম মানব উন্নয়ন প্রতিবেদন-২০২৫

- **প্রতিবেদন প্রকাশ করে-** জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)।
- **প্রতিবেদনে শীর্ষ দেশ-** আইসল্যান্ড।
- **প্রতিবেদনে সর্বনিম্ন দেশ-** দক্ষিণ সুদান।
- **বাংলাদেশের অবস্থান-** ১৩০তম।
- **গড় আয়ু-** ৭৩.৪ বছর।
- **গড় আয়ুতে শীর্ষ দেশ-** মোনাকো।
- **গড় আয়ুতে সর্বনিম্ন দেশ-** নাইজেরিয়া।
- **মাথাপিছু আয়ে শীর্ষ দেশ-** লিচটেনস্টাইন।
- **মাথাপিছু আয়ে সর্বনিম্ন দেশ-** দক্ষিণ সুদান।
- **মাথাপিছু কার্বন ডাই-অক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ-** কাতার।
- **দারিদ্র্যসীমার নিচে বসবাসে শীর্ষ দেশ-** মাদাগাস্কার।

**Human Development Index (HDI) ধারণাটির উদ্ভাবক UNDP.**

### সার্কভুক্ত দেশের চিত্র

- শীর্ষ দেশ- শ্রীলংকা।
- সর্বনিম্ন দেশ- আফগানিস্তান।
- মাথাপিছু আয়ে শীর্ষ দেশ- মালদ্বীপ।
- মাথাপিছু আয়ে সর্বনিম্ন দেশ- আফগানিস্তান।

**রিপোর্টে বাংলাদেশ**

- বাংলাদেশে মাথাপিছু আয়- ৮,৪৯৮ মার্কিন ডলার।
- বাংলাদেশের মানুষের গড় আয়ু- ৭৪.৭ বছর (পুরুষ- ৭৩.০ বছর; নারী- ৭৬.৪ বছর)।
- দারিদ্র্যসীমার নিচে বসবাস- ১৮.৭%।

## ৩টি বিশ্বকাপ

### ১৩তম নারী বিশ্বকাপ ক্রিকেট

- অনুষ্ঠিত হবে- ২৯ সেপ্টেম্বর-২৬ অক্টোবর, ২০২৫।
- ভেন্যু- ভারত।
- অংশগ্রহণ করবে- ৮টি দল।

### ১১তম নারী বিশ্বকাপ ফুটবল

- অনুষ্ঠিত হবে- ২০৩১ সালে।
- ভেন্যু- যুক্তরাষ্ট্র।
- অংশগ্রহণ করবে- ৪৮টি দল।



### বিশ্বকাপ ফুটবল-২০২৬

- আসর- ২৩তম; ভেন্যু- ১৬টি।
- মোটো- We are 26.
- আয়োজক দেশ- ৩টি (কানাডা, মেক্সিকো ও যুক্তরাষ্ট্র)।
- অংশগ্রহণ- ৪৮ দেশ।
- বিশেষত্ব- কানাডা প্রথমবারের মতো বিশ্বকাপ ফুটবলের আয়োজক হচ্ছে।

# রাষ্ট্রের বিভিন্ন খাত সংস্কারে ১১ কমিশন

রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কারের লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকার ১১টি সংস্কার কমিশন গঠন করেন। এ পর্যন্ত ৬টি সংস্কার কমিশন তাদের চূড়ান্ত প্রতিবেদন হস্তান্তর করে। **১১টি সংস্কার কমিশন হলো-**

- নির্বাচনব্যবস্থা
- স্বাস্থ্য
- জনপ্রশাসন
- নারী বিষয়ক
- পুলিশ
- গণমাধ্যম
- সংবিধান
- স্থানীয় সরকার
- বিচার বিভাগ
- দুর্নীতি দমন
- শ্রমিক অধিকার

## ৬টি কমিশনের উল্লেখযোগ্য সুপারিশসমূহ

### ০১ সংবিধান সংস্কার কমিশন

- দেশের প্রস্তাবিত সাংবিধানিক নাম জনগণতন্ত্রী বাংলাদেশ (People's Republic of Bangladesh)।
- সরকারের মেয়াদ ও জাতীয় সংসদের মেয়াদ ৫ বছরের পরিবর্তে ৪ বছর হবে।
- রাষ্ট্রপতির মেয়াদ ৫ বছরের পরিবর্তে ৪ বছর হবে।
- সংসদে ২ জন ডেপুটি স্পিকার থাকবেন। একজন মনোনীত হবে বিরোধী দল থেকে।
- দ্বিকক্ষ বিশিষ্ট আইনসভা/সংসদ (উচ্চকক্ষ ও নিম্নকক্ষ) গঠিত হবে। উভয় কক্ষেরই ৪ বছর মেয়াদ থাকবে।
- উচ্চকক্ষে মোট সদস্য সংখ্যা হবে ১০৫ জন।
- নিম্নকক্ষে মোট সদস্য সংখ্যা হবে ৪০০ জন। ৩০০ জন সদস্য জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। অবশিষ্ট ১০০ আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে।
- রাষ্ট্রপতি নির্বাচক মন্ডলির (Electoral College) ভোটে নির্বাচিত হবেন এবং সর্বোচ্চ ২বার ক্ষমতায় অধিষ্ঠিত হতে পারবেন।
- সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার নূন্যতম বয়স হবে ২৫ বছরের পরিবর্তে ২১ বছর।



নিম্নকক্ষের মোট আসনের ১০% তরুণ-তরুণীদের মধ্যে থেকে মনোনীত করতে হবে।




একজন সংসদ সদস্য একই সাথে প্রধানমন্ত্রী, সংসদ নেতা ও রাজনৈতিক দলের প্রধান থাকতে পারবে না। যে কোনো একটি পদে থাকতে হবে।



CamScanner

**সংবিধানের মূলনীতি ৪টি নাকি ৫টি।**

আমাদের সংবিধানের মূলনীতি ৪টি।
জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা।



কিন্তু !
সংবিধান সংস্কার কমিশন প্রস্তাব করেছে ৫টি।
সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র।

## ০২ নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন

- নির্বাচনে EVM ব্যবহার করা যাবে না।
- কোনো আসনে নূন্যতম ৪০% ভোট না পড়লে সে আসনে পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে।
- স্থানীয় সরকার নির্বাচনের সম্পূর্ণ দায়িত্ব নির্বাচন কমিশনের কাছে ন্যস্ত থাকবে।
- বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন বন্ধ ও 'না-ভোটে'র বিধান প্রবর্তন।
- কোন দল পর পর দু'টি নির্বাচনে অংশগ্রহণ না করলে সেই দলের নিবন্ধন বাতিল করা হবে।
- কোন ব্যক্তি একই সাথে প্রধানমন্ত্রী, রাজনৈতিক দলের প্রধান ও সংসদ নেতা হতে পারবেন না।
- দু'বার নির্বাচিত প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি নির্বাচন করতে পারবে না।
- এক ব্যক্তি একাধিক আসনে প্রার্থী হতে পারবে না।

## ০৩ বিচার বিভাগ সংস্কার কমিশন

- মামলার রায়ের পিডিএফ (PDF) কপি আদালতের ওয়েব সাইটে আপলোড করতে হবে।
- আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে বিচারপতি সংখ্যা বৃদ্ধি।
- আপিল বিভাগে সকল কার্যদিবসে ন্যূনতম ৩টি বেঞ্চ পরিচালনা করা।
- ভ্রাম্যমাণ আদালতকে (Mobile Court) বিচার বিভাগের আওতায় নিয়ে আসা।

**৭০ বছর** — প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতিদের অবসরের বয়স হবে ৭০ বছর

হাইকোর্টের বিচারক হওয়ার ক্ষেত্রে ন্যূনতম বয়স হতে হবে ৪৮ বছর — **৪৮ বছর**



CamScanner

## ০৪ পুলিশ সংস্কার কমিশন

- পুলিশের কাজকর্ম তদারকির জন্য 'ওয়াচডগ বা ওভারসাইট কমিটি' গঠন।
- দ্রুত অপরাধ দমনের জন্য খুলনা, শরীয়তপুর, চাঁদপুর, বরিশাল, ভোলাসহ সমগ্র দেশে জলপথমণ্ডিত এলাকায় 'ভাসমান থানা' গঠন।

## ০৫ জনপ্রশাসন সংস্কার কমিশন

- বর্তমানে বিদ্যমান ৪৩টি মন্ত্রণালয়কে ২৫টি মন্ত্রণালয় ও ৪০টি বিভাগে বিন্যস্ত করা।
- মোট মন্ত্রীর সংখ্যা হবে ২৩ জন এবং প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সংখ্যা হবে ১২ জন।
- কমপক্ষে ১৫ বছর চাকুরী করার পর প্রজাতন্ত্রের একজন কর্মচারী সকল সুবিধাসহ অবসর গ্রহণ করতে পারবে।
- ক্যাডার ও নন-ক্যাডার সার্ভিসের নিয়োগের ক্ষেত্রে ৩টি (সাধারণ, শিক্ষা ও স্বাস্থ্য) পাবলিক সার্ভিস কমিশন গঠন করা।
- বিসিএস-এ বর্তমানে বিদ্যমান ২৬টি ক্যাডার কমিয়ে ১৩টি প্রধান সার্ভিসে বিভক্ত করা।




- জেলা প্রশাসক (DC) হয়ে যাবেন জেলা কমিশনার (DC)।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) হয়ে যাবেন উপজেলা কমিশনার (SDC)




দেশকে ৪টি প্রদেশে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) ভাগ করে প্রাদেশিক শাসন ব্যবস্থা চালুর সুপারিশ করে জনপ্রশাসন সংস্কার কমিশন।




ঢাকা মহানগর, টঙ্গী, নারায়ণগঞ্জ, সাভার ও কেরাণীগঞ্জ নিয়ে ক্যাপিটাল সিটি গভর্নমেন্ট গঠনের সুপারিশ করে জনপ্রশাসন কমিশন।

## ০৬ দুদক সংস্কার কমিশন

- দুদকে স্বচ্ছ নিয়োগের জন্য ৭ সদস্যের বাছাই কমিটি গঠন।
- দুদক থেকে অনিয়ম দূর করতে টাস্কফোর্স গঠন।
- দুদকের কার্যালয় আছে এমন প্রতিটি জেলায় স্পেশাল জজ আদালত গঠন।
- রাজনৈতিক দলসমূহের আয়-ব্যয় প্রকাশ করতে হবে এবং এটি প্রতিবছর হালনাগাদ করতে হবে যতদিন তারা জনপ্রতিনিধি থাকবেন।
- দুদক বিধিবদ্ধ প্রতিষ্ঠানের পরিবর্তে সাংবিধানিক প্রতিষ্ঠান হবে।
- কমিশনারদের যোগ্যতা ২০ বছরের অভিজ্ঞতার পরিবর্তে ন্যূনতম ১৫ বছর হলেই হবে।









**সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাব অনুযায়ী**

- সরকারের মেয়াদ ৫ বছর থেকে ৪ বছর হবে।
- জাতীয় সংসদের মেয়াদ ৫ থেকে ৪ বছর হবে।
- রাষ্ট্রপতির মেয়াদ ৫ বছর থেকে ৪ বছর হবে।

**আরেকটি কথা...**

সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার ন্যূনতম বয়স ২৫ বছর লাগবে না, ২১ হলেই হবে।



CamScanner

# জুলাই গণঅভ্যুত্থান

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

- **'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' হলো-** সাধারণ শিক্ষার্থীদের একটি সংগঠন।
- **ইংরেজি নাম-** Anti-Discrimination Student Movement.
- **নেতৃত্ব দেয়-** কোটা সংস্কার আন্দোলন ও অসহযোগ আন্দোলনে (অর্থাৎ ২৪'র গণঅভ্যুত্থানে)।
- **গঠিত হয়-** ১ জুলাই, ২০২৪।
- **বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উল্লেখযোগ্য সমন্বয়ক–**
  - নাহিদ ইসলাম
  - আসিফ মাহমুদ
  - হাসনাত আবদুল্লাহ
  - সারজিস আলম
  - আরিফ সোহেল
  - মাহমুদ রাফি
  - নুসরাত তাবাসসুম
  - উমামা ফাতেমা
  - রাফিয়া রেহনুমা।

*নোট: সম্প্রতি টাইম ম্যাগাজিনের ১০০ উদীয়মান প্রভাবশালীর তালিকায় স্থানপ্রাপ্ত বাংলাদেশি নাহিদ ইসলাম।*

## কোটা সংস্কার আন্দোলন

- **শুরু হয়-** ৬ জুন, ২০২৪।
- **শেষ হয়-** ৩ আগস্ট, ২০২৪।
- **কারণ-** সরকারি চাকরিতে প্রচলিত কোটাভিত্তিক নিয়োগ ব্যবস্থার সংস্কার।
- **সূচনা-** ২০১৮ সালের সরকারি পরিপত্রকে বেআইনি ঘোষণার মাধ্যমে বাংলাদেশ হাইকোর্ট কর্তৃক সরকারি চাকরিতে পূর্বের কোটাব্যবস্থা পুনর্বহাল করার প্রেক্ষিতে এ আন্দোলনের সূচনা হয়।

## ১ দফা দাবির সূচনা

**৩১ জুলাই**

১ আগস্টকে সামনে রেখে বৈষম্য বিরোধী ছাত্র আন্দো-লন 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' ও ৯ দফা ঘোষণা করে।

**৩ আগস্ট**

ছাত্রদের দাবির সঙ্গে সংহতি জানাতে ঢাকার কেন্দ্রীয় শহিদ মিনারে লাখো মানুষ সমবেত হয়, সরকারের পদত্যাগের ১ দফা দাবিতে উত্তাল হয় সারা বাংলাদেশ।

**৪ আগস্ট**

আন্দোলনের সমন্বয়কেরা সারাদেশে নাগরিকদের 'মার্চ টু ঢাকা' কর্মসূচির আহ্বান জানায়।

**৫ আগস্ট**

শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ত্যাগ করে আওয়ামী সরকারের রেখে যাওয়া বিদেশি ঋণের পরিমাণ ১০৩.৭৯ বিলিয়ন ডলার (১০ হাজার ৩৭৯ কোটি) টাকা।

# আন্দোলনের কয়েকজন শহিদ

## আবু সাঈদ

*বুকের ভেতর অনেক ঝড়, বুক পেতেছি গুলি কর'- স্লোগানটি মূলত আবু সাঈদের অভিব্যক্তি।*



- পরিচয়- ছাত্র-জনতার অভ্যুত্থানের প্রথম শহিদ।
- জন্মস্থান- রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার মদনখালী ইউনিয়নের বাবনপুর গ্রামে।
- পিতা-মকবুল হোসেন; মাতা- মনোয়ারা বেগম।
- শিক্ষার্থী ছিলেন- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ইংরেজি বিভাগ)।
- শহিদ হন- ১৬ জুলাই, ২০২৪ (বেরোবি'র প্রধান ফটকের সামনে)।
- সমাধি- নিজ গ্রাম বাবনপুরে।
- আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'- এর শিল্পী- শহীদ কবির।

## ওয়াসিম আকরাম




*'চলে আসুন ষোলশহর' উক্তিটির সাথে জড়িত'- শহিদ মো. ওয়াসিম আকরাম।*

- পরিচয়- ছাত্র-জনতার অভ্যুত্থানের দ্বিতীয় শহিদ।
- জন্মস্থান- পেকুয়া, কক্সবাজার।
- শিক্ষার্থী ছিলেন- চট্টগ্রাম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের।
- শহিদ হন- ১৬ জুলাই, ২০২৪ (চট্টগ্রামের মুরাদপুরে)।
- সমাধি- নিজ এলাকা পেকুয়ায়

## মাহফুজুর রহমান মুগ্ধ



*'পানি লাগবে পানি?' হৃদয়স্পর্শী এ আবেদনের সাথে সম্পৃক্ত- শহিদ মীর মাহফুজুর রহমান মুগ্ধ।*

- জন্মস্থান- উত্তরা, ঢাকা (গ্রামের বাড়ি- ব্রাহ্মণবাড়িয়া)।
- শিক্ষার্থী ছিলেন- খুলনা বিশ্ববিদ্যালয় ও বিইউপি-এর।
- শহিদ হন- ১৮ জুলাই, ২০২৪ (উত্তরার আজমপুরে)।
- সমাধি- কামারপাড়া বামনারটেক কবরস্থান, উত্তরা।

## গোলাম নাফিজ

- গ্রামের বাড়ি- ব্রাহ্মণবাড়িয়া।
- শহিদ হন- ৪ আগস্ট, ২০২৪ (ফার্মগেট খামারবাড়ী মৃত্তিকা ভবনের সামনে)।



## শাইখ আসহাবুল ইয়ামিন

- জন্মস্থান- ঢাকায়।
- পৈতৃক নিবাস- কুষ্টিয়ার কুমারখালী।
- শহিদ হন- ১৮ জুলাই, ২০২৪ (পাকিজা, সাভার)।



*জুলাই গণঅভ্যুত্থানের সর্বকনিষ্ঠ শহিদ- আব্দুর আহাদ (৪ বছর); ১৯ জুলাই যাত্রাবাড়ীর রায়েরবাগে শহিদ হন।*

B TO B--3



CamScanner

# ২৪'র গণঅভ্যুত্থানের ধারাবাহিক টার্মিনোলজি

| | |
|---|---|
| বাংলা ব্লকেড<br>৭-১২ জুলাই | সারা দেশে কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষা বর্জন করে নিজ নিজ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট অবরোধ করে। |
| গণপদযাত্রা<br>১৪ জুলাই | অসংখ্য মানুষ যখন কোনো দাবি দাওয়ার প্রেক্ষিতে পদযাত্রায় অংশ নেয় তখন তাকে গণপদযাত্রা (Mass Walking) বলে। |
| কমপ্লিট শাটডাউন<br>১৮-২২ জুলাই | কমপ্লিট শাটডাউন (Complete Shutdwon) বলতে 'সর্বাত্মক অবরোধ' বোঝায়। |
| মার্চ ফর জাস্টিস<br>৩১ জুলাই | মার্চ ফর জাস্টিস (March for Justice) এমন একটি কর্মসূচি যা মানবাধিকার, সামাজিক ন্যায়বিচার এবং আইনি সংস্কার নিশ্চিতের জন্য পালন করা হয়। |
| রিমেম্বারিং আওয়ার হিরোস<br>১ আগস্ট | সারা দেশে ছাত্র-জনতার ওপর গণহত্যা বন্ধ, গণগ্রেপ্তার বন্ধ করা সহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে পালন করা হয় রিমেম্বারিং আওয়ার হিরোস (Remembering Our Heroes) কর্মসূচি। |
| দ্রোহ যাত্রা কর্মসূচি<br>২ আগস্ট | জাতীয় প্রেস ক্লাবের সামনে 'দ্রোহ যাত্রা' (Drohayatra Programme) নামে 'বিক্ষুব্ধ নাগরিক সমাজ' এর ব্যানারে একটি সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। |
| অসহযোগ আন্দোলন<br>৩ আগস্ট | ৩ আগস্ট, ২০২৪ থেকে অনির্দিষ্টকালের জন্য অসহযোগ আন্দোলনের রূপরেখা ছিল কোনো ধরনের ট্যাক্স, বিল ইত্যাদি পরিশোধ না করা এবং সকল ধরনের সরকারি বেসরকারি প্রতিষ্ঠান ও গণপরিবহন বন্ধ রাখা ইত্যাদি। |
| মার্চ টু ঢাকা<br>৫ আগস্ট | বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা সারা দেশের ছাত্র-নাগরিক-শ্রমিকদের ঢাকায় আসার আহ্বান জানান,যাকে বলা হয় মার্চ টু ঢাকা। |
| ৩৬ জুলাই<br>৫ আগস্ট | ৩৬ জুলাই বলতে ২০২৪ সারের ৫ আগস্টকে নির্দেশ করে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা দাবি পূরণ না হওয়া পর্যন্ত জুলাই মাস গণনার করার কথা জানান। ৫ আগস্ট(৩৬ জুলাই) শেখ হাসিনা পদত্যাগের মাধ্যমে আন্দোলনের সফলতাকে আন্দেলনকারীরা 'দ্বিতীয় স্বাধীনতা' এবং এ দিনটিকে '৩৬ জুলাই' হিসেবে অভিহিত করেন। |
| রেজিস্ট্যান্স উইক<br>১৩ আগস্ট | এই দিন থেকে চার দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে সারাদেশে সপ্তাহব্যাপী নানান কর্মসূচির মাধ্যমে পালন করা হয় রেজিস্ট্যান্স উইক। |
| ব্লক রেইড | অপরাধী আটক করতে কোনো এলাকা ঘেরাও করে বাড়ি বাড়ি তল্লাশি চালানোকে পুলিশের ভাষায় ব্লক রেইড (Block Raid) বলে। |
| শহীদি মার্চ<br>৫ সেপ্টেম্বর | স্বৈরাচার শেখ হাসিনা সরকার পতনের এক মাস পূর্তি উপলক্ষ্যে এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহিদদের স্মরণে অনুষ্ঠিত পদযাত্রা। |



CamScanner

# জুলাই অভ্যুত্থান ও অভ্যুত্থান পরবর্তী আলোচিত শব্দমালা

## গণহত্যা (Genocide)



গণহত্যার ইংরেজি প্রতিশব্দ Genocide শব্দটি দ্বারা একটি গোষ্ঠীর জনগণের সর্বনাশ কিংবা তাদের অস্তিত্বকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করতে ব্যাপক হত্যাকাণ্ডকে বোঝায়। 'গণহত্যা' শব্দটির প্রবর্তক পোলিশ ইহুদি আইনজীবি *রাফায়েল লেমকিন*। ১৯৪৮ সালে জাতিসংঘ কনভেনশনে গণহত্যাকে একটি আন্তর্জাতিক অপরাধ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

## মব জাস্টিস (Mob Justice)



মব (Mob) অর্থ *উত্তেজিত জনতা বা উচ্ছৃঙ্খল জনতা*। অন্যদিকে জাস্টিস (Justice) অর্থ *বিচার বা ন্যায়বিচার*। 'মব জাস্টিস' (Mob Justice) অর্থ *উত্তাল জনতা বা উচ্ছৃঙ্খল জনতার বিচার*। এ ধরনের ঘটনায় যদি কেউ মারা যায় তাকে লিঞ্চিং (Lynching) অর্থাৎ বিচার বহির্ভূত হত্যা বলে।

## দ্য আর্ট অব ট্রায়াম্ফ



এটি বাংলাদেশে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে এবং পরে রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্র-সংবলিত আর্টবুক। সংকলনটি উপহার হিসেবে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোকে উপহার হিসেবে তুলে দিয়েছিলেন ড. মুহাম্মদ ইউনূস।

## ডিজিটাল ক্র্যাকডাউন

ইন্টারনেট বন্ধ করে বা সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধ করে দিয়ে ব্যক্তি বা গোষ্ঠীর কণ্ঠস্বর, আচরণ, কার্যক্রম ইত্যাদি সীমাবদ্ধ করতে গৃহীত কাঠোর পদক্ষেপকে ডিজিটাল ক্র্যাকডাউন (Digital Crackdown) বলে।

## ফ্যাসিবাদ

'ফ্যাসিজম' বা 'ফ্যাসিবাদ' ধারণাটির উৎপত্তি হয় প্রথম বিশ্বযুদ্ধের পরে ইতালিতে। ইতালির বেনিতো মুসোলিনি ছিলেন ইউরোপের প্রথম ফ্যাসিস্ট (Fascist) নেতা। মুসোলিনিকে ফ্যাসিবাদের (Fascism) জনকও বলা হয়। জার্মানিতে হিটলারের নেতৃত্বে নাৎসিবাদ (Nazism) এর উত্থান ছিল 'ফ্যাসিবাদ' এর একটি রূপ।

## রেডজুলাই ডট লাইভ

এটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের উদ্যোগে ছাত্র-জনতার আন্দোলনে নিহত, আহত ও নিখোঁজ বা গুম ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য খোলা ওয়েব পোর্টালের নাম।

## অভ্যুত্থান

শব্দটি এসেছে ফরাসি শব্দ (Coup) ক্যু থেকে; যার অর্থ আকস্মিকভাবে সরকারের বিরুদ্ধে অবরোধ।




## Graffiti

গ্রাফিতি শব্দটি ইতালীয় ভাষা থেকে আগত, যা সাধারণত দেয়াল বা রাস্তায় আঁকা কোনো চিত্র বা লেখাকে নির্দেশ করে।

## জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন

- গঠিত হয়- ১০ সেপ্টেম্বর, ২০২৪।
- সভাপতি- ড. মুহাম্মদ ইউনূস।
- প্রধান নির্বাহী কর্মকর্তা- মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ।
- আন্দোলনে শহীদদের প্রত্যেক পরিবার প্রাথমিকভাবে পাবে- ৫ লাখ টাকা; আহত প্রত্যেকে সর্বোচ্চ এক লাখ টাকা করে পাবে।

## জুলাই আন্দোলনে জেন-জি



Generation Z এর সংক্ষিপ্ত রূপ Gen Z (জেন জি)। যাদের জন্ম ১৯৯৭ থেকে ২০১২ সালের মধ্যে তারা এ প্রজন্মের অন্তর্ভুক্ত। অর্থাৎ এ প্রজন্মের বর্তমান বয়স ১২-২৭ বছর। Gen Z এর আরেক নাম 'জুমার্স'।

### ১৯০১ - ২০২৪ সাল পর্যন্ত ৭টি জেনারেশন

| জেনারেশন | সময়কাল |
|---|---|
| গ্রেটেস্ট জেনারেশন | ১৯০১-১৯২৭ |
| সাইলেন্ট জেনারেশন | ১৯২৮-১৯৪৫ |
| বেবি বুমার্স জেনারেশন | ১৯৪৬-১৯৬৪ |
| জেনারেশন এক্স | ১৯৬৫-১৯৮০ |
| জেনারেশন ওয়াই | ১৯৮১-১৯৯৬ |
| জেনারেশন জেড | ১৯৯৭-২০১২ |
| জেনারেশন আলফা | ২০১২-২০২৪ |

# প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস

- **পরিচয়-** অর্থনীতিবিদ, সামাজিক উদ্যোক্তা, সমাজসেবক, বাংলাদেশের একমাত্র নোবেল পুরস্কার বিজয়ী ও বর্তমান বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা।
- জন্ম- ২৮ জুন, ১৯৪০ (হাটহাজারী, চট্টগ্রাম)।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ছাত্র ছিলেন।
- চট্টগ্রাম কলেজের অর্থনীতির প্রভাষক ছিলেন।
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের প্রধান ছিলেন।
- স্কটল্যান্ডের গ্লাসগো ক্যালেডোনিয়া বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ছিলেন।
- সামাজিক ব্যবসা ধারণা ও ক্ষুদ্র ঋণের প্রবর্তক।
- দক্ষিণ এশিয়ায় শান্তিতে দ্বিতীয় নোবেল বিজয়ী।
- যুক্তরাষ্ট্রের কংগ্রেশনাল গোল্ড মেডেল লাভকারী ১ম বাংলাদেশি।



ড. মুহাম্মদ ইউনূস

- **মুক্তিযুদ্ধে অবদান-** বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি একটি নাগরিক কমিটি প্রতিষ্ঠা করেন এবং অন্যান্য বাংলাদেশিদের সাথে যুক্তরাষ্ট্রে মুক্তিযুদ্ধের জন্য সমর্থন সংগ্রহ করতে 'বাংলাদেশ ইনফরমেশন সেন্টার' পরিচালনা করেন।
- **'বাংলাদেশ নিউজলেটার'** প্রকাশ করতেন- মুক্তিযুদ্ধকালীন তাঁর যুক্তরাষ্ট্রের বাড়ি থেকে।

## তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ

| | |
|---|---|
| • সামাজিক ব্যবসা | • A World of Three Zeros |
| • বালক পরিব্রাজকের দিনলিপি | • Building Social Business |
| • দারিদ্র্যমুক্ত বিশ্বের জন্য | • Banker to the Poor |
| • বাংলদেশের শিক্ষাব্যবস্থা | • Creating a World Without Poverty |

## থ্রি জিরো তত্ত্ব

ড. মুহাম্মদ ইউনূস বিশ্বজুড়ে আলোচিত হন তাঁর বিখ্যাত থ্রি জিরো তত্ত্বের জন্য। থ্রি জিরো তত্ত্বের মূলকথা; দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা। ২০২৪ সালের অলিম্পিকের থিম ছিল তাঁর 'থ্রি জিরো তত্ত্ব'। এই তত্ত্ব নিয়ে লেখা তাঁর বই *A World of Three Zeros* এ পর্যন্ত ২২টি ভাষায় অনূদিত হয়েছে।




শূন্য দারিদ্র্য
(Zero Poverty)




শূন্য বেকারত্ব
(Zero Unemployment)




শূন্য নেট কার্বন নিঃসরণ
(Zero Net Carbon Emission)

## তাঁর প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার

- রামোন ম্যাগসেসে পুরস্কার, ফিলিপাইন (১৯৮৪)
- স্বাধীনতা পুরস্কার, বাংলাদেশ (১৯৮৭)
- বিশ্ব খাদ্য পুরস্কার যুক্তরাষ্ট্র (১৯৯৪)
- নোবেল শান্তি পুরস্কার (২০০৬); গ্রামীণ ব্যাংক ও তিনি যৌথভাবে ক্ষুদ্রঋণ ধারণার জন্য
- মেডেল অব অনার, ব্রাজিল (২০০৭)
- প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম, যুক্তরাষ্ট্র (২০০৯)
- কংগ্রেসনাল গোল্ড মেডেল, যুক্তরাষ্ট্র (২০১০)
- অলিম্পিক লরেল পুরস্কার (২০২১); "ইউনূস স্পোর্টস হাবের" মাধ্যমে ক্রীড়া উন্নয়নের জন্য
- চ্যাম্পিয়ন অব গ্লোবাল চেঞ্জ (২০২১); জাতিসংঘ ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত
- ইউনেস্কোর 'ট্রি অব পিস' পুরস্কার (২০২৪)

## আরো কয়েকটি অর্জন



- ফরচুন ম্যাগাজিন তাঁকে ২০১২ সালে 'সময়ের অন্যতম শ্রেষ্ঠ উদ্যোক্তা' আখ্যা দিয়েছিল।
- টাইম, নিউজউইক এবং ফোর্বস ম্যাগাজিনের প্রচ্ছদে তাঁকে স্থান দেওয়া হয়েছে।
- ২০২০ সালে জাপান অলিম্পিকের মশাল বাহক (প্রধান অতিথি) ছিলেন তিনি।




কানাডা ও জাপানের মাধ্যমিক বিশ্ববিদ্যালয়ের পাঠ্যপুস্তকে ড. ইউনূসের জীবনী অন্তর্ভুক্ত করা হয়েছে।



ড. মুহাম্মদ ইউনূসের জন্মদিন ২৮ জুনকে কেন্দ্র করে বৈশ্বিকভাবে 'সামাজিক ব্যবসা দিবস' পালন করা হয়।

## ইউনূস সেন্টার

- **পরিচয়-** বাংলাদেশের সামাজিক ব্যবসা, দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়ন সম্পর্কিত থিঙ্ক ট্যাঙ্ক।
- **প্রতিষ্ঠা-** ২০০৬ সালে।



ইউনূস সেন্টারের অবস্থান ঢাকার মিরপুরে

## যেভাবে শুরু করেন ক্ষুদ্রঋণ প্রকল্প

**১** ১৯৭৬ সালে চট্টগ্রামের জোবরা গ্রামের দরিদ্র পরিবারের মানুষগুলোর সাথে কথা বলে তিনি বুঝতে পারেন, যদি তাদেরকে ছোট ঋণ দিয়ে সাহায্য করা যায় তবে তারা নিজেদের পরিশ্রম দিয়ে নিজেদের ভাগ্যের পরিবর্তন ঘটাতে পারবেন।

**২** এই চিন্তা থেকে জোবরা গ্রামের ৪২ জন মহিলাকে নিজের টাকা থেকে ক্ষুদ্রঋণ দিয়ে 'ক্ষুদ্রঋণ' ধারণার প্রবর্তন করেন।



**৩** ১৯৮৩ সালের ২ অক্টোবর, এই প্রকল্পটি 'গ্রামীণ ব্যাংক' নামে যাত্রা শুরু করে।

**৪** ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা এবং ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্রবিত্ত ধারণার প্রবর্তনের জন্য তিনি নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

*নোট: অনেক জায়গাতেই গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাকাল ১ অক্টোবর দেয়া আছে; তথ্যটি ভুল। গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাকাল ১৯৮৩ সালের ২ অক্টোবর।*

### গ্রামীণ ব্যাংক

- পরিচয়- একটি ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা এবং সামাজিক উন্নয়ন ব্যাংক।
- প্রতিষ্ঠাতা- ড. মুহাম্মদ ইউনূস।
- কার্যক্রম শুরু হয়- ১৯৭৬ সালে (জোবরা গ্রামে)।
- পূর্ণাঙ্গ ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা- ২ অক্টোবর, ১৯৮৩।
- গ্রামীণ ব্যাংক সবচেয়ে বেশি সাহায্য করে- গ্রামের ভূমিহীন ও দরিদ্র জনসাধারণদের।
- গ্রামীণ ব্যাংকের ধারণা বাংলাদেশের বাইরে প্রথম যে দেশ চালু করে- মালয়েশিয়া।
- বিশ্বের যে দেশ গ্রামীণ ব্যাংকের আদলে সে দেশে ক্ষুদ্র ঋণ চালু করে- জাপান।

গ্রামীন ব্যাংক

## দুইটি গুরুত্বপূর্ণ বিষয়



**১** **২৯ মার্চ, ২০২৫**

চীনের পিকিং বিশ্ববিদ্যালয় ড. মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদান করে।

**২** **৩০ মে, ২০২৫**

সামাজিক উদ্ভাবন এবং বৈশ্বিক উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ জাপানের সোকা বিশ্ববিদ্যালয় ড. মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদান করে।

## বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার

- ◆ রাষ্ট্রপতি সংসদ বিলুপ্ত ঘোষণা করেন– ৬ আগস্ট, ২০২৪।
- ◆ অস্থায়ী সরকার গঠন করা হয়– ৮ আগস্ট, ২০২৪।
- ◆ প্রধান উপদেষ্টা– ড. মুহাম্মদ ইউনূস।
- ◆ ড. মুহাম্মদ ইউনূসসহ মোট উপদেষ্টা– ২৩ জন।
- ◆ বর্তমান রাষ্ট্র প্রধান– মোহাম্মদ সাহাবুদ্দিন।

## ২৩ সদস্যের অন্তর্বর্তীকালীন সরকার

| উপদেষ্টা | মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|
| প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস | • মন্ত্রিপরিষদ/উপদেষ্টাপরিষদ • প্রতিরক্ষা মন্ত্রণালয় • সশস্ত্র বাহিনী বিভাগ • জনপ্রশাসন মন্ত্রণালয় • ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় |
| সালেহ উদ্দিন আহমেদ | • অর্থ মন্ত্রণালয় • বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ড. আসিফ নজরুল | • আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় • প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| আদিলুর রহমান খান | • শিল্প মন্ত্রণালয় • গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| আলী ইমাম মজুমদার | • ভূমি মন্ত্রণালয় • খাদ্য মন্ত্রণালয় |
| তৌহিদ হোসেন | • পররাষ্ট্র মন্ত্রণালয় |
| সৈয়দা রিজওয়ানা হাসান | • পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় • পানি সম্পদ মন্ত্রণালয় |
| শারমীন এস মুরশিদ | • সমাজকল্যাণ মন্ত্রণালয় • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| বিধান রঞ্জন রায় | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ফারুক-ই-আজম (বীরপ্রতীক) | • দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় • মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| জাহাঙ্গীর আলম চৌধুরী | • স্বরাষ্ট্র মন্ত্রণালয় • কৃষি মন্ত্রণালয় |
| সুপ্রদীপ চাকমা | • পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| ড. আ. ফ. ম. খালিদ হোসেন | • ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ফরিদা আখতার | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| নূরজাহান বেগম | • স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| মাহফুজ আলম | • তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া | • যুব ও ক্রীড়া মন্ত্রণালয় • স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ড. এম সাখাওয়াত হোসেন | • শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় • নৌ-পরিবহন মন্ত্রণালয় |
| মুহাম্মদ ফাওজুল কবির খান | • বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় • সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় • রেলপথ মন্ত্রণালয় |
| ওয়াহিদ উদ্দিন মাহমুদ | • পরিকল্পনা মন্ত্রণালয় |
| শেখ বশির উদ্দিন | • বাণিজ্য মন্ত্রণালয় • বস্ত্র ও পাট মন্ত্রণালয় • বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| মোস্তফা সরয়ার ফারুকী | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ড. চৌধুরী রফিকুল আবরার | • শিক্ষা মন্ত্রণালয় |



CamScanner

# নোবেল পুরস্কার-২০২৪

২০২৪ সালে নোবেল পুরস্কার লাভ করেন ১১ জন ব্যক্তিত্ব (১০ জন পুরুষ ও ১ জন নারী) এবং ১টি সংগঠন। **৬টি বিষয়ে নোবেল বিজয়ীরা হলেন-**

## শান্তি

- **শান্তিতে বিজয়ী- 'নিহন হিদানকায়ো'** নামক সংগঠন।
- **অবদান-** "পরমাণু অস্ত্রমুক্ত একটি বিশ্ব গড়ার প্রচেষ্টা এবং পরমাণু অস্ত্র আর কখনো ব্যবহার করা যে উচিত নয়, সেটি প্রত্যক্ষদর্শীর সাক্ষ্যের মাধ্যমে তুলে ধরার জন্য"।
- **নিহন হিদানকায়ো-** জাপানের পরমাণু অস্ত্রবিরোধী সংগঠন।
- **সংগঠনটি প্রতিষ্ঠিত হয়-** ১০ আগস্ট, ১৯৫৬।
- জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহরে পারমাণবিক বোমা হামলার পর বেঁচে যাওয়া ব্যক্তিদের নিয়ে সংগঠনটি গঠিত হয়।



**নিহন হিদানকায়ো সংগঠনটির প্রতীক**

## সাহিত্য



- **সাহিত্যে বিজয়ী-** হান কাং (দক্ষিণ কোরিয়া)।
- **অবদান-** "গভীর কাব্যিক গদ্য, যা ঐতিহাসিক আঘাতগুলোকে উন্মোচন করে এবং মানবজীবনের ভঙ্গুরতাকে সামনে আনে"-এই অনন্য লেখনীশৈলীর জন্য তাকে এ সম্মাননা দেওয়া হয়।
- The Vegetarian গ্রন্থটির জন্য ২০১৬ সালে যে গ্রন্থের জন্য 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' লাভ করেন।
- সাহিত্যে নোবেল জয়ী এশিয়ার প্রথম নারী লেখক।
- হান কাং রচিত উল্লেখযোগ্য গ্রন্থ-
  - The Vegetarian
  - Human Acts
  - The White Book
  - Greek Lessons
  - We Do Not Part
  - Love in Yeosu (১ম উপন্যাস)

| | |
|---|---|
| **অর্থনীতি** | অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন ৩ জন। ৩ জনই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। |
| **চিকিৎসা** | চিকিৎসায় নোবেল পুরস্কার লাভ করেন ২ জন। ২ জনই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। |
| **পদার্থ** | পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন ২ জন। ১ জন যুক্তরাষ্ট্রের আর ১ জন কানাডার নাগরিক। |
| **রসায়ন** | অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন ৩ জন। ২ জন মার্কিন যুক্তরাষ্ট্রের এবং ১ জন যুক্তরাজ্যের নাগরিক। |



CamScanner

# নোবেল পুরস্কার-২০২৪

২০২৪ সালে নোবেল পুরস্কার লাভ করেন ১১ জন ব্যক্তিত্ব (১০ জন পুরুষ ও ১ জন নারী) এবং ১টি সংগঠন। **৬টি বিষয়ে নোবেল বিজয়ীরা হলেন-**

## শান্তি

- **শান্তিতে বিজয়ী-** 'নিহন হিদানকায়ো' নামক সংগঠন।
- **অবদান-** "পরমাণু অস্ত্রমুক্ত একটি বিশ্ব গড়ার প্রচেষ্টা এবং পরমাণু অস্ত্র আর কখনো ব্যবহার করা যে উচিত নয়, সেটি প্রত্যক্ষদর্শীর সাক্ষ্যের মাধ্যমে তুলে ধরার জন্য"।
- **নিহন হিদানকায়ো-** জাপানের পরমাণু অস্ত্রবিরোধী সংগঠন।
- **সংগঠনটি প্রতিষ্ঠিত হয়-** ১০ আগস্ট, ১৯৫৬।
- জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহরে পারমাণবিক বোমা হামলার পর বেঁচে যাওয়া ব্যক্তিদের নিয়ে সংগঠনটি গঠিত হয়।



**নিহন হিদানকায়ো সংগঠনটির প্রতীক**

## সাহিত্য



- **সাহিত্যে বিজয়ী-** হান কাং (দক্ষিণ কোরিয়া)।
- **অবদান-** "গভীর কাব্যিক গদ্য, যা ঐতিহাসিক আঘাতগুলোকে উন্মোচন করে এবং মানবজীবনের ভঙ্গুরতাকে সামনে আনে"-এই অনন্য লেখনীশৈলীর জন্য তাকে এ সম্মাননা দেওয়া হয়।
- The Vegetarian গ্রন্থটির জন্য ২০১৬ সালে যে গ্রন্থের জন্য 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' লাভ করেন।
- সাহিত্যে নোবেল জয়ী এশিয়ার প্রথম নারী লেখক।
- হান কাং রচিত উল্লেখযোগ্য গ্রন্থ-
  - The Vegetarian
  - Human Acts
  - The White Book
  - Greek Lessons
  - We Do Not Part (১ম উপন্যাস)
  - Love in Yeosu

| | |
|---|---|
| **অর্থনীতি** | অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন ৩ জন। ৩ জনই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। |
| **চিকিৎসা** | চিকিৎসায় নোবেল পুরস্কার লাভ করেন ২ জন। ২ জনই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। |
| **পদার্থ** | পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন ২ জন। ১ জন যুক্তরাষ্ট্রের আর ১ জন কানাডার নাগরিক। |
| **রসায়ন** | অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন ৩ জন। ২ জন মার্কিন যুক্তরাষ্ট্রের এবং ১ জন যুক্তরাজ্যের নাগরিক। |



CamScanner

## সর্বশেষ তথ্য

| বিষয় | সর্বশেষ |
|---|---|
| বিভাগ | ৮টি (ময়মনসিংহ) |
| জেলা | ৬৪টি |
| থানা | ৬৫২টি (ঈদগাঁও থানা, কক্সবাজার) |
| উপজেলা | ৪৯৫টি (ঈদগাঁও, কক্সবাজার) |
| পৌরসভা | ৩৩০ (শ্যামনগর, সাতক্ষীরা) |
| সিটি কর্পোরেশন | ১২টি (ময়মনসিংহ সিটি কর্পোরেশন) |
| ইউনিয়ন | ৪৫৭৮টি |
| নদীবন্দর | ৫৪টি (হাতিয়া উপকূলীয় নদী বন্দর) |
| স্থলবন্দর | ২৬টি (প্রস্তাবিত ২টি); চালুকৃত বন্দর- ১৬টি |
| সমুদ্রবন্দর | ৪টি (মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর, কক্সবাজার) |
| আন্তর্জাতিক বিমানবন্দর | ৪টি |
| গ্যাসক্ষেত্র | ৩০টি (ইলিশা-১, ভোলার সদরে) |
| চা বাগান | ১৭০টি (পঞ্চগড় টি কোম্পানি) |
| বন্যপ্রাণী অভয়ারণ্য | ২৫টি (বাইশারী ব্যাংডেপা; রামু, কক্সবাজার) |
| সরকারি বিশ্ববিদ্যালয় | ৫৬টি (বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) |
| সরকারি মেডিকেল কলেজ | ৩৭ টি (সুনামগঞ্জ মেডিকেল কলেজ) |
| দেশে ইলিশের অভয়াশ্রম | ৬টি |

## দুই বুকার পুরস্কার পেলেন যারা

### বুকার পুরস্কার-২০২৪

- পুরস্কার লাভ করেন- সামান্থা হার্ভে (যুক্তরাজ্য)।
- যে উপন্যাসের জন্য- অরবিটাল (Orbital)।
- অরবিটাল উপন্যাসটিতে আন্তর্জাতিক মহাকাশকেন্দ্রে ছয়জন নভোচারীর এক দিনের অভিজ্ঞতা তুলে ধরা হয়েছে।



### আন্তর্জাতিক বুকার পুরস্কার-২০২৪

- পুরস্কার লাভ করেন- জেনি এরপেনবেক (জার্মানি)।
- যে উপন্যাসের জন্য- কাইরোস (Kairos)।
- উপন্যাসটির ইংরেজি অনুবাদক- মাইকেল হফম্যান।



## একুশে পদক-২০২৫

একুশে পদক বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে ১৯৭৬ সালে একুশে পদক প্রবর্তন করেন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। পুরস্কারের অর্থমূল্য ৪ লাখ টাকা। সাথে সাথে একটি পদক, একটি সম্মাননা সনদ ও একটি রেপ্লিকা। ২০২৫ সালে ১৮ জন ব্যক্তি/দল লাভ করেন একুশে পদক।

| বিষয় | বিজয়ী |
|---|---|
| চলচ্চিত্র | ▪ আজিজুর রহমান (মরণোত্তর) |
| সংগীত | ▪ উস্তাদ নীরদ বরণ বড়ুয়া (মরণোত্তর)<br>▪ ফেরদৌস আরা |
| আলোকচিত্র | ▪ নাসির আলী মামুন |
| চিত্রকলা | ▪ রোকেয়া সুলতানা |
| সাংবাদিকতা | ▪ মাহ্ফুজ উল্লাহ্ (মরণোত্তর) |
| গবেষণা | ▪ মঈদুল হাসান |
| শিক্ষা | ▪ ড. নিয়াজ জামান |
| বিজ্ঞান ও প্রযুক্তি | ▪ মেহদী হাসান খান<br>▪ রিফাত নবী<br>▪ মোঃ তানবিন ইসলাম সিয়াম<br>▪ শাবাব মুস্তাফা |
| সমাজসেবা | ▪ মোহাম্মদ ইউসুফ চৌধুরী (মরণোত্তর) |
| ভাষা ও সাহিত্য | ▪ হেলাল হাফিজ (মরণোত্তর)<br>▪ শহীদুল জহির (মোঃ শহীদুল হক) (মরণোত্তর) |
| সাংবাদিকতা ও মানবাধিকার | ▪ মাহমুদুর রহমান |
| সংস্কৃতি ও শিক্ষা | ▪ ড. শহিদুল আলম |
| ক্রীড়া | ▪ বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল |

## স্বাধীনতা পুরস্কার-২০২৫

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ৭ বিশিষ্ট ব্যক্তি স্বাধীনতা পুরস্কার পেয়েছেন। বিজয়ীরা হলেন-

| বিষয় | বিজয়ী |
|---|---|
| বিজ্ঞান ও প্রযুক্তি | ▪ অধ্যাপক জামাল নজরুল ইসলাম (মরণোত্তর) |
| সাহিত্য | ▪ মীর আবদুস শুকুর আল মাহমুদ (মরণোত্তর) |
| সংস্কৃতি | ▪ নভেরা আহমেদ (মরণোত্তর) |
| সমাজসেবা | ▪ স্যার ফজলে হাসান আবেদ (মরণোত্তর) |
| মুক্তিযুদ্ধ ও সংস্কৃতি | ▪ মোহাম্মদ মাহবুবুল হক খান (আজম খান); মরণোত্তর |
| শিক্ষা ও গবেষণা | ▪ বদরুদ্দীন মোহাম্মদ উমর |
| প্রতিবাদী তারুণ্য | ▪ আবরার ফাহাদ (মরণোত্তর) |



CamScanner

## আলোচিত দুই পাট বিজ্ঞানী



ড. মাকসুদুল আলম

- বিজ্ঞানী ড. মাকসুদুল আলম বাংলাদেশি জিনতত্ত্ববিদ ছিলেন। **তিনি পাটের দুটি জাত ও ছত্রাকের জীবনরহস্য উন্মোচন করেন।**
- বিজ্ঞানী ড. মোবারক আহমদ খান পাটের তৈরি ঢেউটিন উদ্ভাবন করে যা **'জুটিন'** নামে পরিচিত। এছাড়া পাট থেকে পরিবেশবান্ধব **'সোনালী ব্যাগ'** তৈরি করেন।



ড. মোবারক আহমেদ খান

## দেশে পুনরায় নিষিদ্ধ পলিথিন

'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫' সংশোধন করে ১ মার্চ, ২০০২ বিশ্বের প্রথম দেশ হিসেবে বাংলাদেশ আইন করে বিষাক্ত পলিথিন উৎপাদন, বিপণন ও ব্যবহার নিষিদ্ধ করেছিল।

→ ৩ অক্টোবর, ২০১০ পলিথিনের বদলে পাটের ব্যবহারের জন্য জাতীয় সংসদে 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০' পাস করে। ২০১২ সালে আইনটি কার্যকর করা হয়।

→ নতুন করে ১ অক্টোবর, ২০২৪ থেকে সুপারশপে এবং ১ নভেম্বর, ২০২৪ থেকে দেশের কাঁচাবাজারে পলিথিন ব্যবহার নিষিদ্ধ করা হয়।

## নিষিদ্ধ পলিথিন ব্যাগের বিকল্প 'সোনালি ব্যাগ'

- সোনালি ব্যাগ হলো পাট থেকে উদ্ভাবিত এক ধরনের পলিথিন ব্যাগ।
- সোনালি ব্যাগের আবিষ্কারক বাংলাদেশি বিজ্ঞানী ড. মোবারক আহমদ খান।
- পাটের সূক্ষ্ম সেলুলোজ দিয়ে তৈরি এই ব্যাগ পরিবেশবান্ধব ও উচ্চ পচনশীল।
- ২০২৫ সালের প্রথমার্ধে পলিথিনের বিকল্প হিসেবে বাণিজ্যিকভাবে চালু হবে 'সোনালি ব্যাগ'।

পাটজাত এ পলিথিন ব্যাগটি উৎপাদনে প্রথমে পাট থেকে সেলুলোজ সংগ্রহ করে সেটি প্রক্রিয়াজাত করা হয়। পরবর্তীতে সেলুলোজ থেকে সংগৃহীত সিটের মাধ্যমে পলিথিন ব্যাগ তৈরি করা হয়। পাটের তৈরি সোনালি ব্যাগ সহজেই মাটির সাথে মিশে যায় এবং মাটিতে উর্বরতা বৃদ্ধিতে সহায়তা করে।

## জুটম্যান ড. মোবারক আহমদ খান




- পরিচয়- বাংলাদেশি বিজ্ঞানী ও পাট বিষয়ক গবেষক।
- প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা- বাংলাদেশ পাটকল করপোরেশন (BJMC)।
- তার উল্লেখযোগ্য আবিষ্কার-
  - সোনালি ব্যাগ
  - পাটের তৈরি 'জুটিন' নামক ঢেউটিন
  - পাটের তৈরি হেলমেট ও টাইল্স
  - ফরমালিনের বিকল্প হিসেবে অ-ক্ষতিকারক 'চিতোজান'।

বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন ২০২৪ সালে।

## ই-পাসপোর্ট, স্মার্ট কার্ড এবং ইভিএম ভোটিং মেশিন

### ই-পাসপোর্ট

- ই-পাসপোর্টের অপরনাম- বায়োমেট্রিক পাসপোর্ট।
- বাংলাদেশ সরকার হাতে লেখা সাধারণ পাসপোর্টের পরিবর্তে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) চালু করে- ২০১০ সালে।
- বিশ্বে প্রথম ই-পাসপোর্ট চালু করে- মালয়েশিয়া (১৯৯৮ সালে)।
- বাংলাদেশ ই-পাসপোর্ট চালু করে- ১১৯তম দেশ হিসেবে (২০২০ সালে)।
- দক্ষিণ এশিয়ায় প্রথম ই-পাসপোর্ট চালু হয়- বাংলাদেশে।
- বাংলাদেশের ই-পাসপোর্ট নিরাপত্তা দিবে- ৩৮ ধরনের।

### স্মার্ট কার্ড পরিচয়পত্র

- ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয়পত্র প্রণয়ন কর্মসূচির নাম- অপারেশন নবযাত্রা (২০০৭)।
- মেয়াদ- ১০ বছর।
- স্মার্ট কার্ডের ডিজিট- ১০টি।


স্মার্ট কার্ড

### ইভিএম ভোটিং মেশিন

- EVM'র পূর্ণরূপ- Electronic Voting Machine.
- অপরনাম- E-Voting.
- বাংলাদেশে EVM উদ্ভাবন করে- বুয়েট (উদ্ভাবক প্রকৌশলী ড. এস এম লুৎফল কবির)।
- সরকারিভাবে প্রথম ব্যবহার- ১৭ জুন, ২০১০ (চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জামালখান ওয়ার্ডে)।
- জাতীয়ভাবে প্রথমবারের মতো EVM ব্যবহৃত হয়- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে (৬টি আসনে)।


EVM



CamScanner

## ২৮তম ইথনোলগ রিপোর্ট

- **প্রকাশক- Ethnologue (যুক্তরাষ্ট্র)।**
- **বর্তমান বিশ্বে মোট ভাষার সংখ্যা- ৭,১৫৯টি।**
- **বাংলা ভাষা ব্যবহারকারী- ২৮৪.৩ মিলিয়ন।**

| | |
|---|---|
| মাতৃভাষা অনুসারে | ❖ শীর্ষ ভাষা- মান্দারিন<br>❖ বাংলা ভাষার অবস্থান- ৫ম |
| ব্যবহারের দিক থেকে | ❖ শীর্ষ ভাষা- ইংরেজি<br>❖ বাংলা ভাষার অবস্থান- ৭ম |

## জনশুমারিতে দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

- দেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা- ৫০টি।
- মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনসংখ্যা- ১৬ লক্ষ ৫০ হাজার ৪৭৮ জন।
- পুরুষ ও নারীর অনুপাত যথাক্রমে- ৪৯.৯৮ : ৫০.০২।
- দেশের বৃহত্তম ৩ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী-
  **১ম**- চাকমা (৪ লক্ষ ৮৩ হাজার ৩৬৫ জন)।
  **২য়**- মারমা; **৩য়**- ত্রিপুরা।
- দেশের ক্ষুদ্রতম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী- ভিল (৯৫ জন)।

**ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে**

- শীর্ষ বিভাগ → চট্টগ্রাম
- সর্বনিম্ন বিভাগ → বরিশাল
- শীর্ষ জেলা → রাঙ্গামাটি
- সর্বনিম্ন জেলা → লালমনিরহাট

## বিভিন্ন পরিসংখ্যানে শীর্ষ দেশ

- বিশ্বের বৃহত্তম ঋণদাতা দেশ- চীন।
- স্বর্ণ রিজার্ভে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র।
- আফিম উৎপাদনে শীর্ষ দেশ- মিয়ানমার।
- দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ সূচকে শীর্ষে- ভারত; বাংলাদেশ- ২য়।
- দক্ষিণ এশিয়ায় লিঙ্গসমতা সূচকে শীর্ষ (১ম) দেশ- বাংলাদেশ।
- বর্তমানে বাংলাদেশে মোট আয়তনের বনভূমি রয়েছে- ১৫.৫৮%।
- আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) প্রতিবেদন অনুযায়ী, মাথাপিছু আয়ে শীর্ষ দেশ- লুক্সেমবার্গ।
- পর্যটকদের জন্য সবচেয়ে নিরাপদ শহর- সিঙ্গাপুর সিটি (ঝুঁকিপূর্ণ শহর- কারাকাস, ভেনেজুয়েলা)।
- হেনলি পাসপোর্ট অনুযায়ী বাংলাদেশের পাসপোর্টধারীরা যতটি দেশে ভিসা ছাড়া যেতে পারবে- ৩৯টি দেশ।
- বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ- যুক্তরাষ্ট্র; ইউরোপের বৃহত্তম অর্থনীতির দেশ- জার্মানি; বাংলাদেশ- ৩৫তম।



CS CamScanner

# ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

## নির্বাচন

